

ঠাকুরমশয়, দেরি না সয়—
 তোমার আশায় সবাই ব'সে ।
 শিকারেতে হবে যেতে,
 মিহি কোমর বাঁধ ক'ষে !
 বন বাদাড় সব ঘেঁটেঘুঁটে,
 আমরা মরি খেটেখুটে,
 তুমি কেবল লুটেপুটে
 পেট পোরাবে ঠেসেঠুসে !
 কাজ কি খেয়ে, তোফা আছি—
 আমায় কেউ না খেলেই বাঁচি ।
 শিকার করতে যায় কে মরতে—
 টুঁসিয়ে দেবে বরা-মোষে ।
 টুঁ খেয়ে তো পেট ভরে না—
 সাধের পেটটি যাবে ফেঁসে ।

Parjaay: Kaal-Mrigaya, Taal: Ektaal, Raag: Mishra-Sankara
 Visit www.geetabitan.com for notation and other detail